ঢাকা ওয়াসা

(১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
(২) প্রস্তুতকৃত Specification.
(৩) দর সংগ্রহের জন্য স্থানীয় ঠিকাদারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং- ৪৬.১১৩.৬৩৭.০০.০০.০২৪.২০২৫.১২০৬ তারিখঃ ২৬/০৪/২০২৬ইং।
(৪) M/S Al Hasib Engineering & Technology হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ২৭/০৪/২০২৬ইং।
(৫) R.I Enterprise হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ২৮/০৪/২০২৬ইং।
(৬) Earth International হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ২৮/০৪/২০২৬ইং।
(৭) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী।
(৮) পূর্বানুমোদিত দরের কপি।
(৯) ব্যয় প্রাক্কলন প্রণয়ন কমিটি কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ "Procurement of various type electric and electronics items for Dasherkandi STP" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং -১ হতে ৯ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩ইং তারিখ হতে ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে আলোচ্য পয়শোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম সর্বাধুনিক প্রযুক্তি ও উন্নত মেশিনারিজ দ্বারা পরিচালিত হয়। পয়ঃশোধনাগারের আওতায় ১টি SLS, ১টি Inlet Pumping Station, ৮টি SST, ২টি AAO Tank, ৪টি PST, ২টি Sludge Pump Station, ১টি Sludge Storage Tank, ১টি Sludge Thickening & Dewatering Building, ২টি Sludge Cake Storage Tank, ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) ইত্যাদি বিদ্যমান রয়েছে। Incineration plant হতে নির্গত Flue gas এর Odor control এর জন্য ১টি Ozone generation plant রয়েছে। দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল Magnetic Contactor, Pendulum/Rocket arm, piston, rocket arm, bearing, nut bolt, compressor, Scrapper Rubber, coupler সহ অন্যান্য মালামাল যন্ত্রপাতি মেরামতের জন্য প্রয়োজন হয়। এছাড়া, SST ও PST -তে বিভিন্ন ধরনের Scraper motor রয়েছে। বর্ণিত বিভিন্ন System এর প্রয়োজনীয় যন্ত্রপাতি ও পার্টস স্টোরে মজুদ না থাকায় Operation কার্যক্রম নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে উল্লেখিত System এর বিভিন্ন ধরনের Electro-Mechanical যন্ত্রপাতি ক্রয় করা প্রয়োজন। এছাড়া, বিভিন্ন পয়েন্টে ওয়েল্ডিং করন ও প্লানজার পাম্প এর হপার মেরামত করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে প্রস্তুতকৃত Specification অনুযায়ী ৩টি ঠিকাদারী প্রতিষ্ঠান হতে পত্র মারফত একক দর সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ২, ৩, ৪, ৫ ও ৬ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামুলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৭দ্রঃ)। তুলনামুলক বিবরণী হতে সর্বনিম্ন দর এবং পূর্বানুমোদিত দরের আলোকে ব্যয় প্রাক্কলন প্রণয়ন কমিটি কর্তৃক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৯দ্রঃ)। সর্বমোট প্রাক্কলিত মূল্য ২৪,৯৯,৮৬৩.০০ (চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত তেষট্টি টাকা) মাত্র। আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় অনুমোদিত ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত হতে এবং বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৪৬ হতে নির্বাহ করা হবে।

০৩। আলোচ্য "Procurement of various type electric and electronics items for Dasherkandi STP" কাজটি CPTU প্রনীত Standard Tender Document (STD) e-PG2 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পূর্ণ করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার লক্ষ্যে "Procurement of various type electric and electronics items for Dasherkandi STP" শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2025 এর ধারা ৭৮ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -তে CPTU এর Standard Tender Document (STD) এর e-PG2 অনুসরনে সম্পাদনের নিমিত্তে মোট ২৪,৯৯,৮৬৩.০০ (চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত তেষট্টি টাকা) মাত্র'র আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

20/05/2026
মোঃ কামাল উদ্দিন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।

AE
20-05-2026

EE
20/5/26
মোঃ আল আমিন
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SE
20/05/2026
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাঃ ও পঃশোঃ সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

০৪। প্রস্তাব অনুমোদিত।

Xen DSTP

20/05/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।